

নেত্রকোনা ছাত্রদলের নয়া  
কমিটিতে অছাত্র সন্ত্রাসী  
চাঁদাবাজ বহিষ্কৃত  
ছাত্র ও ঠিকাদার

নেত্রকোনা, ২২ অক্টোবর, নিজস্ব সংবাদদাতা ॥  
অছাত্র, বিবাহিত, সন্ত্রাসী, চাঁদাবাজ ক্যাজারদের নিয়ে  
নেত্রকোনা জেলা ছাত্রদলের আহ্বায়ক কমিটি  
যৌথিত হওয়ার প্রকৃত ছাত্র নেতাকর্মীদের মধ্যে  
ক্ষোভ-অসন্তোষ দেখা দিয়েছে। তাদের ক্ষোভ-  
অসন্তোষের কথা জানিয়ে হাওয়া ভবনে ফ্যান্স বার্তাও  
পাঠানো হয়েছে। স্থানীয় ছাত্র নেতাকর্মীরা দলীয়  
একটি পত্রিকায় কমিটি প্রকাশের পর নামের  
ভালিকায় যাদের নাম এসেছে তা স্বেচ্ছা তপু হতবাকই  
হননি, তাঁরা রীতিমত অবাক হয়ে গেছেন। তাঁদের  
মতে ৩৫ সদস্যের মধ্যে অধিকাংশই অছাত্র, যুবদল  
নেতা, সন্ত্রাসী, চাঁদাবাজ, দল থেকে বহিষ্কৃত,  
ঠিকাদার ও নেশাখোরও রয়েছে। এরই মধ্যে যৌথিত  
কমিটির দু' সন্ত্রাসীকে সেনা অভিযানে আটক করে  
ছেল হাজতে পাঠানো হয়েছে। দলের কেন্দ্রীয়  
সিদ্ধান্তে অছাত্র না নেবার সিদ্ধান্ত থাকা সত্ত্বেও কার  
ইশারায় এ ধরনের কমিটি হয়েছে- তা খতিয়ে  
দেবারও দাবি উঠেছে। তাঁরা ক্রুদ্ধ প্রতিক্রিয়া ব্যক্ত  
করে এসব অছাত্র-সন্ত্রাসীদের বাদ দিয়ে পরিষ্কৃত,  
জ্যাগী ছাত্র নেতাকর্মীদের নিয়ে জেলা ছাত্রদলের  
কমিটি গঠনের দাবি জানিয়েছেন। ছাত্রদলের বিকল্প  
নেতাকর্মীরা আরও দাবি করেছেন এই কমিটিতে ৪  
জন বিবাহিত, অছাত্র ১৭ জন পশ্চিম শ্রেণী থেকে  
অষ্টম শ্রেণী পাস ৩ জন, সন্ত্রাসী ৭ জন। এ ছাড়া ৪  
জনকে সন্ত্রাসের দায়ে তিরস্কারও করেছে হাওয়া  
ভবন। এসব ঘটনায় জেলা ছাত্রদলের মধ্যে বড়  
ধরনের বিশৃঙ্খলা সৃষ্টির আশঙ্কা করছেন অনেকেই।  
ছাত্রদলের নয়া আহ্বায়ক কমিটিতে সন্ত্রাসী বিভিন্ন  
মামলার আসামী থাকায় নেত্রকোনায় তোলপাড় শুরু  
হয়েছে।